স্বাগতম

উরস্টারশায়ারের [Worcestershire] আধিকারিক পর্যটন ওয়েবসাইটে আপনাদের স্বাগতম।

উরস্টারশায়ার ইংল্যাণ্ডের [England] অন্তস্থলে অবস্থিত এবং অসাধারণ দৃশ্য ও সকল প্রকারের উৎসাহ অনুযায়ী দ্রষ্টব্য স্থানের এক সমণ্বয় প্রদান করে। দর্শনার্থীরা ম্যালভার্ন [Malvern] পাহাড়, ক্যাথিড্রাল শহর উরস্টার [Worcester], ফরেস্ট অফ ওয়াইর [Forest of Wyre]এর বনভূমি, ব্রোমসগ্রোভ [Bromsgrove] ও রেডিচ [Redditch]এর শিল্প ঐতিহ্য, পারশোর [Pershore], ড্রইটউইচ স্পা [Droitwich Spa], টেনবেরী ওয়েলস [Tenbury Wells] ও ইভশ্যামের [Evesham] বিপণন শহর, সেভার্ন [Severn] নদী, টেম [Teme], অ্যাভন [Avon]ও তাদের মনোরম উপত্যকা এবং ব্রডওয়ের [Broadway] কটসওল্ড [Cotswold] গ্রামের মধুরঙের উষ্ণতার অভিজ্ঞতা সংগ্রহ করতে পারেন।

উরস্টারশায়ারে আছে অনেকগুলি ইংলিশ বাগান, কিলোমিটারের পর কিলোমিটার জলপথ, এবং সহজেই অনুসরণ করা যায় এমন পায়ে চলার পথ, তার সাথে রাজকীয় বাসস্থান, নানা আকর্ষণীয় কাহিনী ভরা। এই কাউন্টিতে আপনার জন্য দারুণ কেনাকাটার সুযোগ আছে আপনার ভ্রমণের সময় স্মারক নিয়ে যাবার জন্য। উরস্টারশায়ার তার তাজা উৎপাদনের জন্যও বিখ্যাত যেমন অ্যাসপারাগাস ও অন্যান্য বাজারের বাগানের তরকারী, চীস এবং অবশ্যই উরস্টার সস।

এই সুন্দর গ্রাম এলাকা ব্রিটেনের কয়েকজন অত্যন্ত বিখ্যাত মানুষের অনুপ্রেরণা, কবি ও সঙ্গীতকারদের অনুপ্রেরণা যুগিয়েছে, যার মধ্যে আছেন সার এডওয়ার্ড এলগার [Sir Edward Elgar], যাঁকে দেখা যায় £20 নোটে বিস্তীর্ণ উরস্টার ক্যাথিড্রালের [Worcester Cathedral] সামনে।

উরস্টারশায়ারে আসুন এবং আপনি আবিস্কার করবেন এক সুন্দর কাউন্টি যা দর্শনার্থীদের ইংল্যাণ্ডের মূল বৈশিষ্ট্যগুলি উপভোগ করার এক অদ্বিতীয় সুযোগ দেয়।

আপনার অর্ধ দিন, সপ্তাহান্ত বা আরো বেশী সময় যাই হাতে থাকুক, এখানে অনেক কিছু দেখার ও করার আছে, সঙ্গে নানা প্রকারের উৎকৃষ্ট থাকার জায়গা।

আমরা আশা করব এই ওয়েবসাইটে অন্তর্গত তথ্য আপনার কাজে লাগবে, এবং আপনি আপনার মূল্যবান বিনোদনের সময়ের কিছুটা উরস্টারশায়ারে কাটাবেন – ইংল্যাণ্ডের সর্বোৎকৃষ্ট কাউন্টিগুলির একটি।

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে নীচের কোন একটি লিঙ্কে ক্লিক করুনঃ

বড় ও ছোট শহর

- উরস্টার [Worcester]
- বিউডলি [Bewdley]
- ব্রডওয়ে [Broadway]
- ব্রোমসগ্রোভ [Bromsgrove]
- ড্রইটউইচ স্পা [Droitwich Spa]
- ইভশ্যাম [Evesham]
- ম্যালভার্ন [Malvern]
- কিডারমিনস্টার [Kidderminster]
- পারশোর [Pershore]
- রেডিচ [Redditch]

স্টারপোর্ট-অন-সেভার্ন [Stourport-on-Severn]
টেনবেরী ওয়েলস [Tenbury Wells]
আপটন আপন সেভার্ন [Upton upon Severn]
উৎসব ও অনুষ্ঠান
আকর্ষণসমূহ
কোথায় থাকবেন
খাদ্য ও পানীয়
ভ্রমণ
উরস্টারশায়ার পর্যটন তথ্য কেন্দ্র ও বিদেশী ভাষায় উপলব্ধ তথ্য
সকলের জন্য অধিগমনের সুবিধা
কনফারেন্স উরস্টারশায়ার

বড় ও ছোট শহর

উরস্টার [Worcester]
উরস্টারকে বর্ণনা করা হয়েছে ইংল্যাণ্ডের এক সর্বোত্তম শায়ার শহর হিসাবে, যেখানে আছে পুরাতন ও নূতনের এক স্পন্দিত মিশ্রণ। এই শহরটি, যার কেন্দ্রে আছে 11 শতাব্দীতে তৈরী তার বিশাল ক্যাথিড্রাল, তৈরী করা হয়েছিল সেভার্ন [Severn]নদীর তীরে।

এই শহরে আছে বিভিন্ন ধরণের আকর্ষণ, যার অন্যতম রয়াল উরস্টার পোরসেলিন [Royal Worcester Porcelain] দর্শনার্থী কেন্দ্র, কমাডেরীতে আছে ঘনবসতিতে পূর্ণ ঘরসমূহ যা 1651 সালে উরস্টারের যুদ্ধে রাজার কেন্দ্রীয় দপ্তর হিসাবে ব্যবহৃত হয়েছে। গিল্ডহল [Guildhall] এক সুসজ্জিত অট্টালিকা টমাস হোয়াইটের [Thomas White] তৈরী, যিনি সার ক্রিস্টোফার রেনের [Christopher Wren] শিষ্য (যিনি লণ্ডনে সেন্ট পল ক্যাথিড্রালের পরিকল্পনা তৈরী করেছিলেন)। উরস্টারে এক সুন্দর নদীতীর রয়েছে, আরো আছে মিউসিয়াম ও ঐতিহাসিক অট্টালিকাসমূহ। উরস্টার খেলাধূলার বিষয়ে উৎসাহীদের কাছে খুব জনপ্রিয়। উরস্টারশায়ার কাউন্টি ক্রিকেট ক্লাব পৃথিবীর সবচেয়ে সুন্দর বলে বর্ণিত ক্রিকেট মাঠে খেলা করে। অন্য জনপ্রিয় খেলার স্থানের মধ্যে কয়েকটির উল্লেখ হল, উরস্টার রেসকোর্স ও “সিক্সওয়েস” [‘Sixways’]– প্রিমিয়রশিপ দল উরস্টার রাগবি ক্লাবের বাসস্থান। শহরের কেন্দ্রে ব্যস্ত হাই স্ট্রিটে অনেক বিখ্যাত দোকান আছে, তাছাড়া আরকেডগুলি অদ্বিতীয় কেনাকাটার অভিজ্ঞতা প্রদান করে। শহরের সবচেয়ে বিখ্যাত রপ্তানির একটি, উরস্টারশায়ার সস, এখনো উরস্টারে তৈরী হয় তার পুরাতন গোপন পদ্ধতি অনুযায়ী।

বিউডলি [Bewdley]
নদীতীরের শান্ত পরিবেশ ও অবিকৃত অট্টালিকার সুন্দর সমণ্বয় বিউডলিকে করেছে জীবন্ত ইতিহাসের একখানি টুকরো। সেন্ট অ্যানসের [St Anne’s] গির্জা ও সার টমাস টেলোফোর্ডের [Thomas Telford] সেতুর প্রাধান্যে , বিউডলি একটি সুন্দর ও শান্ত জর্জিয়ান শহর, অনেকটা 18 শতাব্দীতে যেমন ছিল প্রায় সেরকমই আছে। বিউডলিতে এক পুরস্কার বিজয়ী মিউসিয়াম আছে যেটিতে ঐতিহ্যিক শিল্পকলা ও বিশেষ প্রদর্শনীর দৈনিক প্রদর্শন হয়। পরিবারের সাথে এক আনন্দোচ্ছল দিন কাটানোর জন্য নিকটস্থ ওয়েস্ট মিডল্যাণ্ড [West Midlands] সাফারী ও বিনোদন পার্কে ভ্রমণ করতে যেতে পারেন। আপনার নিজের গাড়ী আরামে চালিয়ে ঘুরতে পারেন বা পথনির্দেশিত সাফারী বাসেও যেতে পারেন, দুর্লভ সাদা বাঘ ও সাদা সিংহ দেখার সুযোগ ছাড়বেন না।

কাছেই ওয়াইরের জঙ্গল, গ্রেট ব্রিটেনের সবচেয়ে বড় এখনও টিকে থাকা প্রাচীন আংশিক প্রাকৃতিক বনভূমির মধ্যে একটি। জঙ্গলটিতে আছে এক আকর্ষক দর্শনার্থী কেন্দ্র, বনে পায়ে চলার পথ ও এক এবিলিটি ট্রেইল। বিকল্প হিসাবে আপনি সেভার্ন ভ্যালী রেলওয়েতে বসে আরাম করতে পারেন, ট্রেনটি

পরিশ্রম করুক যখন আপনি এক 16 মাইল ব্যাপী বাষ্প-টানা সৌন্দর্য ভ্রমণে কিডারমিনস্টার ও ব্রিজনর্থের [Bridgnorth] মধ্যে যেতে পারেন, পথে সেভার্ন নদীর অপরূপ শোভা দেখতে দেখতে।

ব্রডওয়ে [Broadway]
ছবির মত নিখুঁত তার মধুরঙের কটসওল্ড [Cotswold] পাথরের অট্টালিকাসহ, ব্রডওয়ে সবচেয়ে কটসওল্ড গ্রামগুলির মধ্যে একটি। ব্রডওয়ে বহু শতাব্দী ধরে সারা পৃথিবীর দর্শনার্থীদের আকৃষ্ট করেছে, তার চকোলেটের বাক্সের মত চেহারায় আপনি যেন এক ফিল্মের দৃশ্যে পা রাখছেন। এক সুবিন্যস্ত প্রাচীন ও উচ্চ মানের দোকান, শ্বাসরোধকারী দৃশ্য এবং থাকবার জন্য অপূর্ব স্থান, ব্রডওয়ে বছরের যে কোন সময় আনন্দদায়ক।

ব্রডওয়ের এক প্রভাবশালী পশ্চাদপট ফিস হিল [Fish Hill] প্রদান করে এবং উচ্চতায় বিরাজ করে ব্রডওয়ে টাওয়ার, একটি 65 ফুট (20 মিটার) লম্বা ফলি, যা 18 শতাব্দীতে আর্ল অফ কোভেন্ট্রি [Earl of Coventry] নির্মাণ করেছিলেন। টাওয়ারটি থেকে 12টি কাউন্টির অপূর্ব দৃশ্য উপভোগ করা যায়।

ব্রোমসগ্রোভ [Bromsgrove]
ব্রোমসগ্রোভ এক শহর যার এক সমৃদ্ধ শিল্পের অতীত রয়েছে যার এখনও প্রমাণ পাওয়া যায়। 1894 সালে গিল্ড ফর অ্যাপ্লাইড আর্টস [Guild for Applied Arts] তৈরী করা হয় এবং গোষ্ঠীটি তাদের সুসজ্জিত লোহার কাজের জন্য বিখ্যাত হয়, যার সবচেয়ে এক শ্রেষ্ঠ নিদর্শন লণ্ডনের বাকিংহাম প্রাসাদের [Buckingham Palace] গেট। ব্রোমসগ্রোভের অতীতের ইতিহাসের অনেকটাই ব্রোমসগ্রোভ মিউসিয়ামে দেখা যায়।

ব্রোমসগ্রোভের এক অদ্ভূত বার্ষিক অনুষ্ঠান হল কোর্ট লিট [Court Leet], যা মিডসামার ডে-র আশেপাশের সময়ে জীবন্ত হয়। কোর্ট লিট আধুনিক ট্রেডিং স্ট্যাণ্ডার্ডসের এক পূর্বসূরী যেখানে সদস্যরা এল-এর শক্তি বিচার করে, কোন কোন ব্যক্তির জন্য খারাপ কাজ নয়!

আপনাদের মধ্যে যারা সঙ্গীত ভালোবাসেন, ব্রোমসগ্রোভ সঙ্গীত উৎসব মে মাসে অনুষ্ঠিত হয়। এই উৎসব, অনেক আন্তর্জাতিকভাবে খ্যাত শিল্পীরা যেখানে সঙ্গীত পরিবেশন করেন, জ্যাজ থেকে ক্লাসিকাল সঙ্গীতের সম্পূর্ণ বর্ণচ্ছটা প্রদর্শন করে। সৃজনশীল গুণাগুণ শুধু কলা, শিল্প ও সঙ্গীতে শেষ হয়ে যায় না, তা সাহিত্যেও প্রসারিত হয়, যেমন “এ স্রুপশায়ার ল্যাড” [‘A Shropshire lad’]-এর লেখক এ ই হসম্যান [A E Housman] ব্রোমসগ্রোভ–এর সবচেয়ে বিখ্যাত সন্তানদের একজন। ব্রোমসগ্রোভের একটু বাইরে আছে অ্যাভনক্রফট [Avoncroft] ঐতিহাসিক অট্টালিকার মিউজিয়াম যেখানে দর্শনার্থীরা 15 একরের মুক্ত বাতাসে ঘুরে বেড়াতে পারেন 25টি ঐতিহাসিক অট্টালিকায় যাতে একটি 1940-এর প্রিফ্যাব, একটি বাতাসকল ও টেলিফোন কিয়স্কের জাতীয় সংগ্রহ অন্তর্গত!

কাউন্টর এক মুখ্য বৈশিষ্ট্য হল উরস্টার ও বার্মিংহাম [Birmingham] খাল যা উরস্টারে সেভার্ন নদীতে শুরু হয় এবং উরস্টারশায়ারের গ্রাম্যভাগ দিয়ে বয়ে যায়, টারডেব্রিগ [Tardebigge] জলকপাটের মধ্য দিয়ে চড়ে বার্মিংহামে পৌছয়। টারডেব্রিগ জলকপাট দেশের নৌচালন করা যায় এমন জলকপাটগুলির মধ্যে সর্ববৃহৎ, 30 টি জলকপাটসহ 217 ফিট (66 মিটার) উঁচু!

ড্রইটউইচ স্পা [Droitwich Spa]
ড্রইটউইচের আক্ষরিক অর্থ হচ্ছে ‘ নুনের জায়গা’ এবং তার নাম পেয়েছে সেই সময় থেকে যখন রোমানরা এলাকাটি অধিকার করে এবং তখনকার অত্যন্ত মূল্যবান এই পণ্যদ্রব্যটির রপ্তানি করে। ভিক্টোরিয়ানরা স্বাভাবিক নোনা জলের সুবিধা নেয়, যা ডেড সির [Dead Sea] পরেই শক্তির হিসাবে দ্বিতীয়, এবং এই শহরকে এক কায়দাদুরস্ত খনিজ জলের উৎসে পরিবর্তিত করে। এখনও দর্শনার্থীরা 1985 সালে শুরু করা স্নানঘরগুলির চিকিৎসাগত সুবিধাগুলি উপভোগ করতে পারেন।

আকর্ষণীয় শহরের কেন্দ্রটি মধ্যযুগের গির্জা ও অর্ধেক কাঠের অট্টালিকা দিয়ে ভরা। কাছেই ওয়েবস অফ উইচবোল্ড [Webbs of Wychbold], মিডল্যাণ্ডসের [Midlands] সর্ববৃহৎ বাগান কেন্দ্র, সকল সবুজ প্রিয় ব্যক্তিদের পক্ষে উপযুক্ত। হ্যানবেরীতে [Hanbury] জিনি রিং [Jinney Ring] কলা কেন্দ্র একটি পুরস্কার বিজয়ী কলা কেন্দ্র অপূর্ব পুরোনো কাঠের গোলাঘরে অবস্থিত, যাতে 12 টি আলাদা কলা স্টুডিও আছে; স্থানীয়ভাবে তৈরী একটি হস্তশিল্প কেনার এর থেকে ভালো জায়গা কোথায়?

ইভশ্যাম [Evesham]
ব্যস্ত ও প্রাচীন বিপণন শহর ইভশ্যাম অ্যাভন [Avon] নদীর তীরে অবস্থিত। ইভশ্যামের এক মূল্যবান ধার্মিক অতীত রয়েছে এবং এক সময় সবচেয়ে সমৃদ্ধ মঠগুলির একটি এখানে ছিল, যার মধ্যে এখন শুধু অ্যালমনরি [Almonry] আছে যেখানে দর্শনার্থী তথ্য কেন্দ্র অবস্থিত। তা সত্ত্বেও অ্যাবটরা এক স্থায়ী ছাপ রেখে গিয়েছেন এই শহরের ভিতরে ও আশেপাশে চলা ফলের চাষ ও বাজারের পণ্যদ্রব্যের বাগান প্রবর্তন করে। ভেল অফ ইভশ্যাম [Vale Of Evesham] বিখ্যাত তার উচ্চ মানের ফল ও তরিতরকারীর জন্য, বিশেষত অ্যাসপারাগাস ও প্লাম। বসন্তকালে ফলগাছগুলির প্রস্ফুটন এক মনোরম দৃশ্য, 'ব্লসম ট্রেইল'–এ যান এবং আপনি যে কোন জায়গায় দেখা অপূর্ব বসন্তের ভূদৃশ্যের কয়েকটির মধ্য দিয়ে যাবেন।

ম্যালভার্ন [Malvern]
ম্যালভার্ন তার পাহাড়গুলির জন্য বিখ্যাত, যার কয়েকটি পৃথিবীর সবচেয়ে পুরাতনগুলিতে অন্তর্গত (650 মিলিয়ন বছর পুরাতন)। ম্যালভার্ন পাহাড়গুলি সমতল সেভার্ন উপত্যকার পাশে উঁচু হয়ে ওঠা এক লক্ষণীয় বৈশিষ্ট। 'ম্যালভার্ন' নামটি সেলটিক ভাষায় 'ন্যাড়া পাহাড়' থেকে উদ্ভূত, যা আপনাকে এই 9 মাইল পর্বতের ভু-সংস্থান সম্বন্ধে কিছু জানায়। প্রান্তরেখাতে হেঁটে যাওয়া আপনার পছন্দমত মৃদু বা কষ্টসাধ্য হতে পারে, দৃশ্যগুলি যদিও তা চেষ্টা করার অত্যন্ত উপযুক্ত, দাবী করা হয় যে উরস্টারশায়ার বিকনের [Worcestershire Beacon] চূড়া থেকে আপনি 15 টি কাউন্টি দেখতে পারেন। এই পাহাড়ের সৌন্দর্য্য সুরকার সার এডগার এলগারকে [Sir Edward Elgar] অনুপ্রাণিত করেছিল 'পম্প অ্যাণ্ড সারকামস্টানসেস' (আশা ও গৌরবের দেশ) লিখতে। এই এলাকা যদি কোন ব্যক্তিকে এমন সুর লিখতে অনুপ্রাণিত করে, ভাবুন দৃশ্যগুলি কি রকম!

ম্যালভার্ন তার জলের জন্যও বিখ্যাত। ম্যালভার্নে 18 শতাব্দীর শেষভাগে হাইড্রোথেরাপি চিকিৎসা শুরু হয় এবং পরে কায়দাদুরস্ত হয়ে ওঠে যখন রানি ভিক্টোরিয়া [Queen Victoria] ও কবি টেনিসনের [Tennyson] মত ব্যক্তিরা এই জল গ্রহণ করেন। ম্যালভার্নের সুসজ্জিত স্থাপত্যের অনেকটাই ভিক্টোরীয় সময়কালের তৈরী। আজকাল সারা পৃথিবীর থেকে দর্শনার্থীরা এখনো এই আকর্ষক শোভা ও মনোরম পদচারণ উপভোগ করতে আসেন এবং পাহাড়ের বিভিন্ন অংশের ঝরণাগুলি থেকে মুক্তভাবে বয়ে যাওয়া জল সংগ্রহ করেন।

শুধু পাহাড়, জল ও এলগার [Elgar] ছাড়াও ম্যালভার্নে আরো অনেক কিছু আছে। ম্যালভার্নের শহরের কেন্দ্র ভরে রয়েছে প্রাচীন প্রায়রী তার মধ্যযুগের টাইলসের অনুপম সংগ্রহ নিয়ে। মর্গান [Morgan] স্পোর্টস গাড়ী এখানে এখনো হাতে তৈরী করা হয়। ম্যালভার্নে একটি প্রথম শ্রেণীর নাট্যশালাও আছে যা ওয়েস্ট এণ্ডের [West End] বিভিন্ন প্রযোজনা ওয়েস্ট এণ্ডে পৌঁছনোর আগেই মঞ্চস্থ করে! অনেক বিখ্যাত আবিষ্কার ও দ্রব্য ম্যালভার্নে প্রথম তৈরী হয়েছিল যার কিছু সংগ্রহ ম্যালভার্ন মিউসিয়ামে প্রদর্শিত আছে, যা শহরটির অনেক লক্ষ্যসিদ্ধির কথা জানায়- যেমন আপনি কি জানতেন রাডার [RADAR], এল সি ডি[LCD] ও থার্মাল ইমেজিং ম্যালভার্নের বিজ্ঞানীরা তৈরী করে?

কিডারমিনস্টার [Kidderminster]
কিডারমিনস্টার সবচেয়ে বিখ্যাত তার সুন্দর কার্পেটের জন্য। শিল্পটি কুটীর স্তরে 18 শতাব্দীতে শুরু হয়েছিল। বিদ্যুতচালিত তাঁতের আবিষ্কারের ফলে বড়মাত্রায় উৎপাদন সম্ভব হয় এবং শহরের চারপাশে মিলগুলি গড়ে ওঠে, যার মধ্যে অনেকগুলি এখনো আছে শহরটির শিল্পের উত্তরাধিকারের

সাক্ষ্য হিসাবে। এই শহর পেনি পোস্টের আবিষ্কর্তা রোল্যাণ্ড হিলের [Rowland Hill] জন্মস্থান হিসাবে বিখ্যাত যিনি যোগাযোগের ক্ষেত্রে বিপ্লব ঘটিয়েছিলেন।

কিডারমিনস্টার ব্রিটেনের মুখ্য বাষ্পচালিত লাইন সেভার্ন উপত্যকা রেলওয়ের দক্ষিণ প্রান্তে অবস্থিত, যা ১৬ মাইল দুরে ব্রিজনর্থ [Bridgnorth] পর্যন্ত যাত্রা করে। বাষ্পচালিত ট্রেনের পথে মনোরম শোভা দেখতে পাওয়া যায়। আজকাল কিডারমিনস্টার পুনর্জন্ম নিচ্ছে একেবারে নূতন এক বিপণন ও বিনোদন কেন্দ্র হিসাবে।

পারশোর [Pershore]

সুন্দর পারশোর অ্যাভন নদীর তীরে অবস্থিত এবং উরস্টারশায়ারের বিখ্যাত বিপণন শহরের একটি। শহরটি গড়ে উঠেছে তার 7ম শতাব্দীর অ্যাবের চারদিকে, যা নরম্যানদের সময় পুনর্নির্মাণ করা হয়েছিল, এবং হেনরী [Henry] VIII-এর সময় মঠগুলির ধ্বংস হওয়া সত্ত্বেও যার এক বৃহৎ অংশ এখনো টিকে আছে। এই মুখ্যত জর্জিয়ান শহরের এক বিস্তৃত মুখ্য রাস্তা আছে, যেখানে অনেক বাসায় সম্প্রসারিত প্রবেশপথ ও ঢালা লোহার বারান্দা আছে, নিয়মিত বাজার আছে যেখানে স্থানীয় উৎপাদিত দ্রব্য এখনও কেনাবেচা করা হয়। শহরটি তাজা উৎপাদিত দ্রব্যের কেন্দ্র হিসাবে বিখ্যাত, যেমন প্লাম ও অ্যাসপারাগাস, যে দুটিরই নিজস্ব উৎসব পালিত হয়।

রেডিচ [Redditch]

রেডিচ 'লা রেডিচ' [La Rededich] নামে এক ক্ষুদ্র গ্রামের থেকে বেড়ে উঠেছে বোর্ডস্লির [Bordesley] অ্যাবের আশেপাশে বিকশিত হয়ে, যা 12 শতাব্দীর সিসটেরিশিয়ান [Cistercian] সাধুদের দ্বারা নির্মিত। এই জনপদের প্রথম নথীভূক্ত উল্লেখ 1348 সাল পর্যন্ত পাওয়া যায়। আরো শুষ্ক জমিতে সরে আসার পরে এই জনপদ দ্রুত বেড়ে ওঠে এবং 19 শতাব্দীতে রেডিচ সূঁচ তৈরীর শিল্পে নেতৃত্ব দেওয়ার জন্য বিখ্যাত হয়। 1964 সালে রেডিচকে একটি নূতন শহরের আখ্যা দেওয়া হয় যার ফলে পুনর্বিকাশ ঘটে 900 একর অ্যারো উপত্যকা [Arrow Valley] পার্কের ভূদৃশ্য রচনা সহ।

স্টারপোর্ট-অন-সেভার্ন [Stourport-on-Severn]

খালের পাশের শহর স্টারপোর্ট-অন-সেভার্ন সৃষ্টির কারণ 1760 সালে স্ট্যাফোর্ডশায়ার ও উরস্টারশায়ার খালের নির্মাণ। এই শহর, তার অনুপম জর্জিয়ান অট্টালিকাগুলির সাথে একসময় মিডল্যাণ্ডসের ব্যস্ততম অভ্যন্তরীণ বন্দরগুলির মধ্যে একটি ছিল। এখন এটি একটি অভ্যন্তরীণ ভ্রমণস্থান যেখানে বিনোদনের নৌকাগুলি দুটি খাল এবং সেভার্ন নদীতে বিহার করে।

টেনবেরী ওয়েলস [Tenbury Wells]

উরস্টারশায়ার, হেরেফোর্ডশায়ার [Herefordshire] ও শ্রপশায়ারের [Shropshire] সীমারেখায় টেনবেরী ওয়েলসের [Tenbury Wells] অবস্থানটি আকর্ষক। এই শহরে অবস্থিত টেম সেতু [Teme Bridge], এক প্রাচীন পাথরের অবয়ব যা উরস্টারশায়ার ও শ্রপশায়ারের সীমানা চিহ্নিত করে। কয়েক শতাব্দী ধরে টেনবেরীকে [Tenbury] ' ফলের বাগানের শহর' বলে কারণ তার অবস্থান টেম উপত্যকায়, যা তার হপ, ফল, হলি ও মিসলটোর জন্য বিখ্যাত। নামটিতে ' ওয়েলস' যেমন জানায় টেনবেরীতে স্বাভাবিক ঝরণা (লবণাক্ত) আছে, এবং এক সজ্জিত পাম্প আছে যেটি 'চীনা গথিক' নকশার বলে পরিচিত, এটি অংশ জোড়া দিয়ে তৈরী অট্টালিকার এক প্রাচীনতম উদাহরণ।

আপটন আপন সেভার্ন [Upton upon Severn]

আপটন আপন সেভার্ন, সেভার্ন নদীর তীরে এক সুন্দর ও ব্যস্ত শহর। এই শহরের বিষয়ে প্রথম জানতে পারা যায় 897 এ ডি-তে যখন রাজা কনুল্ফ [Coenwulf] এটির স্থাপনার কথা জানান। ঘোড়ার গাড়ীর যাত্রার এটি একটি গুরুত্বপূর্ণ থামার জায়গা ছিল, এবং অনেক সংখ্যক জর্জিয়ান সরাইখানা এর সাক্ষ্য দেয়, যার মধ্যে আছে ওয়াটার লায়ন, যা হেনরী ফিল্ডিং [Henry Fielding]-এর

বই “টম জোনস”-এর অংশবিশেষের নকশা হিসাবে পরিচিত। আজকাল আপটন তার বার্ষিক জ্যাজ,ব্লুস, জল ও লোক উৎসবের জন্য খ্যাত।

দ্য পেপারপট, আপটনের মুখ্য স্থাননির্দেশক একটি প্রাচীন কেন্দ্র এবং সময়ের ভিতর দিয়ে শহরটির ইতিহাস জানায়। আপটনের কাছে ক্রুম [Croome] ল্যাণ্ডস্কেপ পার্ক, ল্যান্সলট “ক্যাপাবিলিটি’ ব্রাউনের [Lancelot ‘Capability’ Brown] প্রথম যথার্থ কমিশন। এই ভূদৃশ্য বর্তমানে ন্যাশনাল ট্রাস্টের সাহায্যে তার পুরাতন গৌরবে ফিরিয়ে আনা হচ্ছে।

উৎসব ও অনুষ্ঠান

প্রতি বছর উরস্টারশায়ার বিশাল বিন্যাসের বিভিন্ন অনুষ্ঠান ও উৎসবের আয়োজন করে, যার মধ্যে অনেকগুলি বড় মাপের অনুষ্ঠান, যা ব্রিটেন ও সারা পৃথিবী থেকে মানুষকে আকর্ষণ করে।

প্রত্যেক ক্রিসমাসে উরস্টার এক ভিক্টোরীয় বিষয়বস্তু আধারিত এক স্ট্রীট ফ্যার অনুষ্ঠিত করে যেখানে রাস্তার ধারে ধারে দোকান থাকে যারা ঐতিহ্যপূর্ণ হস্তশিল্প, উপঢৌকন ও খাদ্যবস্তু বিক্রী করে। উরস্টারের হান্টিংডন [Huntingdon] হলে সকল ধরণের পছন্দের জীবন্ত গানবাজনা এক নিয়মিত ঘটনা।
প্রত্যেক তৃতীয় বছরে (2005, 2008, 2011 and 2014) উরস্টারে থ্রি কয়ার উৎসব অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানটি ইউরোপের সবচেয়ে পুরাতন ঐকতান সঙ্গীতের উৎসব বলে মানা হয়।

সারা বছর ধরে আরো অনেক ছোটমাপের অনুষ্ঠানের আয়োজন করা হয়, যেমন গ্রাম্য মেলা, বিয়ার উৎসব, এবং আরো অদ্ভূত ধরণের যেমন অ্যাসপারাগাস নীলাম যা ব্রেটফরটনের [Bretforton] পুরাতন ফ্লিস ইনে প্রত্যেক মে মাসে আয়োজিত হয়। বেলব্রটনে [Belbroughton] কাকতাড়ুয়া অনুষ্ঠানটিও খুব জনপ্রিয় – গ্রামবাসীরা কাকতাড়ুয়া তৈরী করে তাদের বাসার বাইরে এই হাতের কাজ প্রদর্শন করে, যার সম্পূর্ণ প্রাপ্ত মূল্য দান করা হয়।

খোলা আকাশের নীচে নাটক ও গানবাজনার অনুষ্ঠান থেকে গৃহযুদ্ধের পুনর্নুষ্ঠান ও খেলাধূলার অনুষ্ঠান, এই বিচিত্র কাউন্টিতে সারা বছর ধরেই কিছু না কিছু ঘটে চলে।

আকর্ষণগুলি

উরস্টারশায়ারে সব বয়সের মানুষের জন্যই বিভিন্ন অসাধারণ আকর্ষণ রয়েছে।

উরস্টারশায়ারে যথেষ্ঠ সংখ্যায় রাজকীয় বাসা আছে, যেমন হ্যানবেরী [Hanbury] হল, হ্যাগলি [Hagley] হল ও একদা অপূর্ব উইটলি [Witley] কোর্ট, যা এখন এক আগুনে পুড়ে যাওয়া ধ্বংসাবশেষ যার চমৎকার ঝরণাটি 90 ফুট (27 মিটার) পর্যন্ত হাওয়ায় জল ছুঁড়তে পারে।

বাগানের বিষয়ে উৎসাহীদের জন্য ভূদৃশ্যসম্বলিত পার্ক থেকে কুটীরের বাগান পর্যন্ত সবকিছুই আছে। যারা শিল্পের ঐতিহ্য উপভোগ করেন তাদের জন্য সেভার্ন উপত্যকা রেলওয়ে, রয়াল উরস্টার দর্শনার্থী কেন্দ্র এবং ফোর্জ [Forge] মিল সূঁচ মিউসিয়াম আছে। পরিবারবর্গের জন্য ওয়েস্ট মিডল্যাণ্ড সাফারী ও বিনোদন পার্ক আছে, যেখানে আপনি দুষ্প্রাপ্য সাদা বাঘ ও সিংহ দেখতে পাবেন এবং আনন্দদায়ক পার্কটি উপভোগ করতে পারেন। যারা বিলাসিতায় থাকতে চান, তাদের জন্য অনেক বিলাসবহুল হোটেল এবং ড্রইটউইচ স্পাতে [Droitwich Spa] দেশের একমাত্র লবণ স্নানের ব্যবস্থা আছে।

উরস্টারশায়ারে আপনি সবখানেই অনেক শ্বাসরুদ্ধকারী দৃশ্যসম্বলিত গ্রামাঞ্চল দেখা যায়।

কোথায় থাকবেন

এত কিছু দেখার থাকলে কেন আপনি আপনার থাকার মেয়াদ বাড়াবেন না? উরস্টারশায়ারে সকল রুচী ও সামর্থ অনুযায়ী উচ্চ মানের বাসস্থান আছে। আপনি গ্রামাঞ্চলের শান্তি বা স্তব্ধতা, গ্রাম্যজীবনের আরামদায়ক ঘনিষ্টতা বা শহরগুলির স্পন্দন এর যে কোনটির দ্বারা আকর্ষিত হলে বহু প্রলুব্ধ করা থাকার জায়গা আবিষ্কার করবেন, যার অনেকগুলিই পুরস্কারপ্রাপ্ত।

আমরা অনুভব করি যে সময় অমূল্য এবং আপনার থাকার মেয়াদের যথাসম্ভব সুব্যবহার গুরুত্বপূর্ণ। আমরা চাই যে আপনি উরস্টারশায়ারে আপনার বাস উপভোগ করুন, যার জন্য আমরা আপনাকে পরিদর্শিত থাকার জায়গায় বাস করতে উপদেশ দিচ্ছি যাতে আপনি এক নির্দিষ্ট মানের প্রত্যাশা করতে পারেন। (নীচে দেখুন)

মাননির্ধারণ সহজ উপায়ে
যখন আপনি থাকার জায়গা খুঁজছেন, আপনার এক মাননির্ধারণ ব্যবস্থার প্রয়োজন যা আপনি আস্থা রাখতে পারেন। এএ [AA] ও ভিসিটব্রিটেন [VisitBritain] যুগ্মভাবে মিলিত হয়ে এক দেশব্যাপী সমণ্বয়পূর্ণ মাননির্ধারণ ব্যবস্থার প্রদান করে যা আপনি কি প্রত্যাশা করতে পারেন তার এক স্পষ্ট নির্দেশিকা। সম্পত্তিগুলি প্রতি বছর প্রশিক্ষিত, পক্ষপাতহীন মূল্যায়ণকারীরা ঘুরে দেখেন, যার ফলে আপনি সংরক্ষণ করার আগে আস্থা রাখতে পারেন যে আপনার বাসস্থান সম্পূর্ণভাবে দেখে নেওয়া হয়েছে ও মানের নির্ধারণ করা হয়েছে।

হোটেল ও অতিথি বাসস্থানের (বিছানা ও প্রাতরাশ, খামার সংলগ্ন বাসা, অতিথির বাসা ও সরাইখানা সহ) 1 থেকে 5 তারা পর্যন্ত এক নির্ধারিত মান দেওয়া হয়। অবস্থানটির যত বেশী তারা মান হয়, তা তত উচ্চ উৎকর্ষের হয়, পরিস্কার, পরিষেবা ও অতিথিপরায়ণতা, শোওয়ার ঘর ও খাদ্যের মত বিভিন্ন বিষয়ে।

নিজে রান্না করার ব্যবস্থা আছে, এমন বাসস্থানের মধ্যে অ্যাপার্টমেন্ট, কুটীর, ফ্ল্যাট, বাসা ও ন্যারোবোট বাসস্থান অন্তর্ভূক্ত এবং সেগুলিকে 1 থেকে 5 পর্যন্ত তারা নির্ধারিত মান দেওয়া হয়েছে। অবস্থানটির যত বেশী তারা মান হয়, তত উচ্চ উৎকর্ষের স্থান আপনি প্রত্যাশা করতে পারেন।

ছুটি কাটানোর পার্ক, ভ্রমণ ও ক্যাম্পিং-এর পার্কের জন্য, দুই ধরণের মান নির্ধারণ মূল্যায়ণের ব্যবস্থা আছে, যা সমপরিমাণে বৈধ। এএ 1 থেকে 5 পর্যন্ত এক উর্ধগামী মানদণ্ডে পেনান্ট (ত্রিভুজ) ব্যবহার করে। ভিসিটব্রিটেন মান নির্ধারণ কর্মসূচী ক্রমাগত উর্ধগামী উৎকর্ষতার মানের জন্য তারা ব্যবহার করে, 1 তারা (গ্রহণযোগ্য) থেকে 5 তারা (উৎকৃষ্ট থেকে অসাধারণ)।

বিশেষ পুরস্কার
ভিসিটব্রিটেনের স্বর্ণ ও রৌপ্য পুরস্কার সেই অবস্থানগুলিকে দেওয়া হয়, যারা তাদের নির্ধারিত মানের জন্য শুধুমাত্র সামগ্রিক উৎকর্ষতাই অর্জন করে নি, তাছাড়াও অতিথিরা যে যে বিশেষ বিষয়গুলিকে যথার্থ গুরুত্বপূর্ণ বলে মনে করেন, সেই বিষয়গুলিতেও উৎকর্ষতার শিখরে পৌঁছেছে।

এএ লাল তারা এএ–র 4 ও 5 তারা মানপ্রদত্ত অতিথি বাসস্থানগুলিকে সর্বোচ্চ 10% -কে দেওয়া হয় যারা তাদের ব্যবসায়, বাথরুম ও সাধারণ এলাকায় উৎকর্ষতা লাভ করেছেন।

অত্যন্ত উৎকৃষ্ট খাদ্য পরিবেশনকারী হোটেলগুলিকে এএ রোসেট প্রদান করা হয়। 1 থেকে 5 পর্যন্ত রোসেট প্রদান করা যেতে পারে, টাটকা বাসার রান্না খাবার থেকে আন্তর্জাতিক স্তরের খাবারের জন্য।

এএ প্রাতরাশ / সান্ধ্যভোজন পুরস্কার তাদের দেওয়া হয় যারা ডায়মণ্ড স্তরের উৎকর্ষতার সীমাকে ছাড়িয়ে যায়।

ভিবি [VB] সাইকেলআরোহী স্বাগত পুরস্কার –এই সংস্থাটি সাইকেলআরোহীদের প্রয়োজন মেটাতে অঙ্গীকারবদ্ধ এবং সাইকেলআরোহী স্বাগত প্রকল্পের মাপকাঠি অর্জন করার পরে ভিসিটব্রিটেনের দ্বারা অনুমোদিত।

ভিবি [VB] পদব্রজে ভ্রমণকারী স্বাগত পুরস্কার –এই সংস্থাটি পদব্রজে ভ্রমণকারীদের প্রয়োজন মেটাতে অঙ্গীকারবদ্ধ এবং পদব্রজে ভ্রমণকারী স্বাগত প্রকল্পের মাপকাঠি অর্জন করার পরে ভিসিটব্রিটেনের দ্বারা অনুমোদিত।

খাদ্য ও পানীয়

উরস্টারশায়ারের খাদ্য ও পানীয় এক কথায় – সুস্বাদু।

উরস্টারশায়ারে এক অপূর্ব গ্রামাঞ্চল আছে, যা উর্বর ও বেশীর ভাগ ফসলের জন্য উপযুক্ত। বিখ্যাত ভেল অফ ইভশ্যাম [Vale Of Evesham] তার উচ্চ মানের ফল ও তরিতরকারীর জন্য খ্যাত। কাউন্টির চারদিকে অনেক খাবার জায়গা তাজা স্থানীয় উৎপাদন ব্যবহার করে, উরস্টারশায়ারে অপূর্ব চীস, ইংলিশ ওয়াইন ও আচারও পাওয়া যায়।

উরস্টারশায়ার তার সসের জন্যেও বিখ্যাত যা এই শহরে এখনো তৈরী হয় এক গোপন প্রস্তুত-প্রণালীর ভিত্তিতে, যেটি দুইজন রসায়নবিদ মিস্টার লি [Lea] ও মিস্টার পেরিনস [Perrins] 1820 সালে আবিষ্কার করেছিলেন। রাণীর প্রিয় পানীয় ম্যালভার্ন জলের উৎস ম্যালভার্ন পাহাড়।

রেস্টুরেন্ট
উরস্টারশায়ারে আপনি সব সময়ে আপনার রসনা অনুযায়ী কিছু না কিছু পাবেন। আপনি চাইলে স্থানীয় উৎপাদিত দ্রব্য ব্যবহার করে দক্ষ রাঁধুনীর তৈরী ভোজন অথবা এক দ্রুত সুস্বাদু জলখাবার আপনার ক্ষুধা মেটাতে পারে । আমাদের কেবল অপূর্ব স্থানীয় উৎপাদিত দ্রব্য আছে তা নয়, বেশ কয়েকটি জাতীয় স্তরে স্বীকৃত রেস্টুরেন্ট ও দেশের শ্রেষ্ঠ রাঁধুনীদের কয়েকজনও আমাদের এখানে আছে।

পাবলিক হাউস ও পানশালা
উরস্টারশায়ারে অনেকগুলি ঐতিহ্যময় পানশালা ও সরাইখানা আছে, যার মধ্যে অনেকগুলি দৃশ্যসম্বলিত গ্রামে যেখানে গ্রামাঞ্চলে, খাল ও নদীর পাশে বিয়ার বাগান আছে। উরস্টারশায়ারে আছে ইংল্যাণ্ডের একমাত্র পাবলিক হাউস যা চার্চের উঠানে অবস্থিত। (ক্লেইনসের [Claines] মাগ হাউস)। অনেক অবস্থানেই সত্যিকারের কাঠজ্বালানো আগুন আছে যা আপনাকে শীতকালে এক উষ্ণ অভ্যর্থনা প্রদান করে। যদি আপনি জমজমাট ও আধুনিক স্থান চান, সমগ্র কাউন্টিতে অনেক বার ও গ্যাস্ট্রো পাব আছে।

মনে রাখবেন এটি এক মনে রাখার মত ভ্রমণ হবে, এবং দুপুর বা রাত্রের ভোজনের সঙ্গে স্থানীয়ভাবে তৈরী এল বা ওয়াইন পান করার চেষ্টা করে দেখুন।

চায়ের ঘর ও কাফে

উরস্টারশায়ারে চায়ের ঘর ও কাফের কোন অভাব নেই। প্রায়ই মনোরম পরিবেশে অবস্থিত, বাসায় তৈরী কেক ও বিস্কুটের জন্য এর অনেকেগুলিই পুরস্কার বিজেতা।

টেক-অ্যাওয়ে
যদি আপনার তাড়া থাকে উরস্টারশায়ারে সকল রসনা মেটানোর উপযোগী টেক-অ্যাওয়ে আছে।

রাত্রিজীবন
রাত্রিজীবনের জন্য উরস্টারশায়ারে ক্লাব, রেস্টুরেন্ট, জীবন্ত গানবাজনার স্থান ও পানশালার এক জমজমাট মিশ্রণ আছে, এছাড়া ম্যালভার্নের নাট্যশালা আছে যা ওয়েস্ট এণ্ড থেকে দেশের বিভিন্ন শ্রেষ্ঠ প্রযোজনা নিয়মিতভাবে মঞ্চস্থ করে। প্রত্যেক শহরে এক "দৃশ্য" আছে যা দর্শনার্থীদের স্বাগত জানায়।

ভ্রমণ

ইংল্যাণ্ডের কেন্দ্রে উরস্টারশায়ারের অবস্থান তাকে অত্যন্ত সুগম করে ও আপনি যা ভাবছেন তার থেকে তা নিকটে অবস্থিত। যদি আপনি এই এলাকায় বিমানে আসেন, বার্মিংহাম আন্তর্জাতিক বিমানবন্দর প্রায় 30 মিনিট দূরে, ম্যানচেস্টার 1 ঘন্টা 50 মিনিট, হিথরো [Heathrow] 2 ঘন্টা 10 মিনিট ও গ্যাটউইক [Gatwick] 2 ঘন্টা 50 মিনিট দূরে।

উরস্টারশায়ারের গুরুত্বপূর্ণ মোটরওয়েগুলির (M5, M6, M40, M42, M50) সঙ্গে ভাল ভাবে সংযোগ আছে এবং লণ্ডন কেবল 2 ½ ঘন্টা দূরে অবস্থিত। যদি আপনি জনসাধারণের পরিবহন ব্যবহার করেন তাহলে উরস্টারশায়ারে সমগ্র কাউন্টিতে অনেকগুলি মুখ্য স্টেশন আছে এবং লণ্ডন, বার্মিংহাম, উত্তর ও দক্ষিণ-পশ্চিম ইংল্যাণ্ড থেকে ও অবধি নিয়মিত মুখ্য লাইন ট্রেন পরিষেবা আছে।

উরস্টার থেকে ইউ কে-র [UK] মুখ্য শহরগুলির দুরত্ব ও যাত্রার সময়

বার্মিংহাম [Birmingham]	30 মাইল (48 কিমি)	45 মিনিট
ব্রিস্টল [Bristol]	60 মাইল (97 কিমি)	1 ঘন্টা 10 মিনিট
কার্ডিফ [Cardiff]	80 মাইল (129 কিমি)	1 ঘন্টা 30 মিনিট
এডিনবরা [Edinburgh]	320 মাইল (515 কিমি)	5 ঘন্টা 45 মিনিট
লীডস [Leeds]	150 মাইল (242 কিমি)	2 ঘন্টা 50 মিনিট
লিভারপুল [Liverpool]	125 মাইল (201 কিমি)	2 ঘন্টা 15 মিনিট
লণ্ডন [London]	110 মাইল (177 কিমি)	2 ঘন্টা 30 মিনিট
ম্যানচেস্টার [Manchester]	110 মাইল (177 কিমি)	2 ঘন্টা 30 মিনিট
নিউকাসল [Newcastle]	240 মাইল (386 কিমি)	4 ঘন্টা 20 মিনিট

উরস্টার [Worcester] থেকে কাউন্টির মুখ্য শহরগুলির দুরত্ব ও যাত্রার সময়

বিউডলি [Bewdley]	20 মাইল (32 কিমি)	30 মিনিট
ব্রডওয়ে [Broadway]	24 মাইল (39 কিমি)	35 মিনিট

ব্রোমসগ্রোভ [Bromsgrove]	14 মাইল (23 কিমি)	20 মিনিট
ড্রইটউইচ স্পা [Droitwich Spa]	10 মাইল (16 কিমি)	20 মিনিট
ইভশ্যাম [Evesham]	14 মাইল (23 কিমি)	30 মিনিট
কিডারমিনস্টার [Kidderminster]	18 মাইল (29 কিমি)	30 মিনিট
ম্যালভার্ন [Malvern]	10 মাইল (16 কিমি)	15 মিনিট
পারশোর [Pershore]	8 মাইল (13 কিমি)	15 মিনিট
রেডিচ [Redditch]	20 মাইল (32 কিমি)	30 মিনিট
স্টারপোর্ট-অন-সেভার্ন [Stourport-on-Severn]	15 মাইল (24 কিমি)	20 মিনিট
টেনবেরী ওয়েলস [Tenbury Wells]	25 মাইল (40 কিমি)	45 মিনিট
আপটন আপন সেভার্ন [Upton upon Severn]	11 মাইল (18 কিমি)	15 মিনিট

উরস্টারশায়ার পর্যটন তথ্য কেন্দ্র ও বিদেশী ভাষায় উপলব্ধ তথ্য

বিউডলি পর্যটন তথ্য কেন্দ্র [Bewdley Tourist Information Centre]
Load Street, Bewdley, Worcestershire DY12 2AE
টেলিফোন / ফ্যাক্স: +44 (0) 1299 404740
ইমেইল: bewdleytic@btconnect.com
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: বিউডলি মিউসিয়াম পথনির্দেশক ফরাসী ও জার্মান ভাষায়

ব্রডওয়ে পর্যটন তথ্য কেন্দ্র [Broadway Tourist Information Centre]
1 Cotswold Court, Broadway, Worcestershire WR12 7AA
টেলিফোন: +44 (0) 1386 852937
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: কর্মীদের একজন ফরাসী ও জার্মান ভাষায় কথা বলতে পারে

ব্রোমসগ্রোভ পর্যটন তথ্য কেন্দ্র [Bromsgrove Tourist Information Centre]
Bromsgrove Museum, 26 Birmingham Road, Bromsgrove, Worcestershire B61 0DD
টেলিফোন: +44 (0) 1527 831809
ইমেইল: tic@bromsgrove.gov.uk
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: কর্মীদের একজন পাঁচটি ভাষায় কথা বলতে পারে

ড্রইটউইচ স্পা পর্যটন তথ্য কেন্দ্র [Droitwich Spa Tourist Information Centre]
The Heritage Centre, St. Richard's House, Victoria Square, Droitwich Spa, Worcestershire WR9 8DS
টেলিফোন: +44 (0) 1905 774312 ফ্যাক্স: +44 (0) 1905 794226
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: ড্রইটউইচ তথ্য পুস্তিকা ওলন্দাজ, ফরাসী ও জার্মান ভাষায়

ইভশ্যাম পর্যটন তথ্য কেন্দ্র [Evesham Tourist Information Centre]
Almonry Heritage Centre, Abbey Gate, Evesham, Worcestershire WR11 4BG
টেলিফোন: +44 (0) 1386 446944 ফ্যাক্স: +44 (0) 1386 442348
ইমেইল: tic@almonry.ndo.co.uk
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: পুস্তিকা জার্মান ভাষায়। একজন স্বল্পসময়ের কর্মী ফরাসী ভাষায় কথা বলতে পারে

ম্যালভার্ন পর্যটন তথ্য কেন্দ্র [Malvern Tourist Information Centre]
21 Church Street, Malvern, Worcestershire WR14 2AA
টেলিফোন: +44 (0) 1684 892289 ফ্যাক্স: +44 (0) 1684 892872
ইমেইল: malvern.tic@malvernhills.gov.uk
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: ম্যালভার্ন বিদেশী দর্শনার্থী পথনির্দেশক ওলন্দাজ, ফরাসী, জার্মান ও স্প্যানিশ ভাষায়

পারশোর পর্যটন তথ্য কেন্দ্র [Pershore Tourist Information Centre]
Pershore Town Hall, 34 High Street, Pershore, Worcestershire WR10 1DS
টেলিফোন: +44 (0) 1386 556591
ইমেইল: tourism@pershore-tc.gov.uk

রেডিচ পর্যটন তথ্য কেন্দ্র [Redditch Tourist Information Centre]
Town Hall, Alcester Street, Redditch, Worcestershire B98 8AH
টেলিফোন: +44 (0) 1527 60806
ইমেইল: info.centre@redditchbc.gov.uk
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: কর্মীদের একজন পোলিশ ভাষায় কথা বলতে পারে

আপটন আপন সেভার্ন পর্যটন তথ্য কেন্দ্র
[Upton upon Severn Tourist Information Centre]
4 High Street, Upton upon Severn, Worcestershire WR8 0HB
টেলিফোন: +44 (0) 1684 594200 ফ্যাক্স: +44 (0) 1684 594185
ইমেইল: upton.tic@malvernhills.gov.uk
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: ম্যালভার্ন বিদেশী দর্শনার্থী পথনির্দেশক ওলন্দাজ, ফরাসী, জার্মান ও স্প্যানিশ ভাষায়। উরস্টারশায়ারে স্বাগতম পথনির্দেশক চীনা, ওলন্দাজ, ফরাসী ও জার্মান ভাষায়।

উরস্টার পর্যটন তথ্য কেন্দ্র [Worcester Tourist Information Centre]
The Guildhall, High Street, Worcester, Worcestershire WR1 2EY
টেলিফোন: +44 (0) 1905 726311 ফ্যাক্স: +44 (0) 1905 722481
ইমেইল: touristinfo@cityofworcester.gov.uk
বিদেশী ভাষায় প্রদত্ত তথ্য: বেশীর ভাগ কর্মীদের সদস্য এক বিদেশী ভাষা বলতে পারে

সকলের জন্য অধিগমন

যদি আপনার কোনো প্রতিবন্ধকতা থাকে এবং আপনি দ্বিধায় থাকেন যে স্থানে আপনি ভ্রমণ করছেন বা থাকার পরিকল্পনা করছেন আপনার প্রয়োজন মেটাতে পারবে কি না, আমরা সুপারিশ করি যে আপনি কোন হতাশ হওয়া পরিহার করতে আগে থেকে স্থানটির সঙ্গে যোগাযোগ করুন ও জেনে নিন।

কনফারেন্স উরস্টারশায়ার [Conference Worcestershire]

উরস্টারশায়ার দৈনন্দিন ব্যস্ত কর্মজীবন থেকে দূরে চলে যাওয়ার এক আদর্শ গন্তব্যস্থল, যা প্রতিনিধিদের আপনার কনফারেন্সে, প্রশিক্ষণ কর্মসূচী বা পণ্যের বিক্রয় আরম্ভের প্রতি পুরোপুরি মনোনিবেশ দিতে সাহায্য করে। ইংল্যাণ্ডের কেন্দ্রে অবস্থিত, উরস্টারশায়ার রেল, পথ বা বিমানপথে সুগম।

সকল ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী কনফারেন্স ও বৈঠকের ব্যবস্থা আছে। কাউন্টিতে বিভিন্ন প্রয়োজন অনুযায়ী তৈরী কনফারেন্স কেন্দ্র আছে আধুনিক সুযোগসুবিধা থেকে ঐতিহ্যে ভরা রাজকীয় বাসা, খেলার স্টেডিয়াম ও শিক্ষা কেন্দ্র থেকে বিশাল সুপ্রতিষ্ঠিত হোটেল যাতে অন্তর্ভূক্ত।

কনফারেন্স উরস্টারশায়ার আপনার কনফারেন্স, বৈঠক, প্রদর্শনী, প্রশিক্ষণের দিন বা সংস্থাগত আপ্যায়নের সভাস্থল খোঁজবার চিন্তা দূর করে, আমাদের আপনার প্রয়োজন জানান, আমরা বাকি ব্যবস্থা করব।

আমাদের সদস্য সভাস্থলগুলির প্রত্যেকটির সম্বন্ধে ভালো ও গভীর জ্ঞান আছে। আমরা আমাদের সভাস্থল ও কর্মীদের সঙ্গে সংস্পর্শে থাকা আমাদের কাজ হিসাবে দেখি। অবস্থানগুলির বাস্তবিক অবস্থা ও কর্মীদের কার্যকলাপ মূল্যায়ণের জন্য নিয়মিতভাবে দেখতে যাওয়া হয়, যার ফলে আপনাকে সভাস্থলগুলির ও কাজের মানদণ্ডের বিষয়ে গবেষণার সময় দিতে হবে না।

এজেন্ট হিসাবে আমরা সময়সাধ্য কাজগুলি যেমন প্রাপ্যতা খুঁজে দেখা, মূল্য যাচাই করা ও অবস্থানে যাত্রা করার ব্যবস্থা করি। এর ফলে আপনি আপনার স্বাভাবিক কার্যকলাপ করার জন্য সময় পাবেন।

আপনার অনুষ্ঠান যাতে সুচারুরূপে আয়োজিত হয়, তার জন্য আমরা স্থানীয় সহায়তা পরিষেবা, যেমন সরঞ্জাম প্রদানকারী, খাদ্য ও যানবাহন সরবরাহকারীদের সুপারিশ করতে পারি। আর ব্যবসায়িক কাজের পরে আমরা আপনাকে খাবার, থাকার ও আমোদপ্রমোদের স্থান সুপারিশ করে আরামভোগ করতে সাহায্য করতে পারি।

আমরা আপনাকে যে কোন আকর্ষণীয় স্থান ও সম্পূর্ণ কাউন্টি ঘুরে দেখানোর ব্যবস্থা করতে পারি। যদি আপনি বিভিন্ন ব্যবস্থা ও উরস্টারশায়ার-এ কি কি আছে তা দেখতে চান, তা হলে আমরা একরাত্রির এক যাত্রার আয়োজন করতে পারি।

আপনার প্রতিনিধিরা যদি কোন অনাবাসিক সভাস্থানের অনুষ্ঠানে উপস্থিত থাকেন ও তাদের আরো বাসস্থানের প্রয়োজন হয়, কনফারেন্স উরস্টারশায়ার আপনাকে বাসস্থান খুঁজতেও সাহায্য করবে।

আমরা আনন্দের সঙ্গে আপনার অনুষ্ঠানের সামাজিক অংশের জন্য বিষয়ের সুপারিশ করব। আপনার প্রয়োজনের ভিত্তিতে আমরা আকর্ষক ভ্রমণ পরিকল্পনা তৈরী করতে পারি।

যদি আপনার কাউন্টির জন্য পথনির্দেশক, মানচিত্র বা অন্য স্থানীয় তথ্যের প্রয়োজন হয়, আমরা সাহায্য করতে পারি।

আরো তথ্যের জন্য ইমেইল করুন conference@worcestershire.gov.uk

www.conference-worcestershire.org

দাবি অস্বীকার

যদিও এই ওয়েবসাইট তৈরী করতে সকল সতর্কতা নেওয়া হয়েছে, এবং পরিবর্ধিত ও সঠিক তথ্য প্রদানের সবরকম চেষ্টা করা হয়েছে, আমরা দায়িত্বশীল ভাবে জানাতে পারি না যে এতে কোন ভূল নেই। এই ওয়েবসাইটে অন্তর্ভুক্তির অর্থ কোন সুপারিশ করা নয়। মূল্য ও ব্যবস্থাগুলি কোন সংরক্ষণ করার সময় প্রত্যেক অবস্থানের সঙ্গে সরাসরি বা দর্শনাথী তথ্য কেন্দ্রগুলির মাধ্যমে মিলিয়ে নেওয়াই কাম্য।

* উরস্টারশায়ার পর্যটন এই পৃষ্ঠাগুলিতে কোন অযথাযথ বা ভুলের ফলে কোন ক্ষতি, আঘাত বা অসুবিধার জন্য দায়ী হবে না।

আমাদের সাইট থেকে লিঙ্কগুলি অন্য সংস্থাদের দ্বারা রক্ষণাবেক্ষণ করা পৃষ্ঠায় নিয়ে যায়। এই লিঙ্কগুলি কেবলমাত্র আপনাদের সুবিধার্থে প্রদান করা হয়েছে, এবং এর মানে এই নয় যে উরস্টারশায়ার পর্যটন এই সংস্থাগুলির, তাদের পৃষ্ঠায় তথ্যের, বা তাদের পণ্য বা পরিষেবার কোনভাবে সুপারিশ বা সমর্থন করে।

যদি আপনি আমাদের ওয়েবসাইটে এমন কোন তথ্য আবিষ্কার করেন যা আপনি মনে করেন ঠিক বা যথাযথ নয়, অনুগ্রহ করে আমাদের ইমেইল করে জানানঃ tourism@worcestershire.gov.uk

কপিরাইট © উরস্টারশায়ার পর্যটন 2004-2006

* উরস্টারশায়ার পর্যটন উরস্টারশায়ার কাউন্টি কাউন্সিল, ব্রোমসগ্রোভ জেলা কাউন্সিল, ম্যালভার্ন হিলস জেলা কাউন্সিল, রেডিচ বোরো কাউন্সিল, উরস্টার শহর কাউন্সিল, ওয়াইচ্যাভন জেলা কাউন্সিল ও ওয়াইর ফরেস্ট জেলা কাউন্সিলের এক অংশীদারী সংস্থা।